দৈনিক ইত্তেফাক

তারিখ 08 JUL 1996
পৃষ্ঠা 12 কলাম ৩

05

# শিক্ষার গুণগত মান উন্নয়ন সরকারের রাজনৈতিক অঙ্গীকার

**শিক্ষামন্ত্রী**

শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী এ এস এইচ কে সাদেক বর্তমান সরকারের অন্যতম রাজনৈতিক অঙ্গীকার 'সবার জন্য শিক্ষা' বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সমন্বিত উদ্যোগ গ্রহণের আহ্বান জানাইয়াছেন।

তিনি গতকাল প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে উর্ধ্বতন কর্মকর্তা, প্রকল্প পরিচালকগণ এবং সংশ্লিষ্ট অন্য কর্মকর্তাদের সাথে অধিদপ্তরের সার্বিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত এক পর্যালোচনা সভায় বক্তব্য রাখিতেছিলেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক আজিজ আহমেদ চৌধুরী এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের যুগ্ম সচিব এএসএম ইমাম হোসেন সভায় উপস্থিত ছিলেন।

সভায় জানানো হয়, বর্তমানে দেশে সর্বমোট প্রায় আটাত্তর হাজার প্রাথমিক বিদ্যালয়ে প্রায় এক কোটি বাহাত্তর লক্ষ ছাত্র-ছাত্রী শিক্ষালাভ করিতেছে। বৈঠকে আরো জানানো হয়, প্রাথমিক শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে দেশে চার হাজার স্যাটেলাইট স্কুল স্থাপনের একটি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। রাজনৈতিক প্রভাবমুক্ত থাকিয়া যে-কোন পরিকল্পনা গ্রহণ এবং আঞ্চলিক সমতার ভিত্তিতে সততা ও নিষ্ঠার সাথে প্রকল্প এলাকা নির্ধারণের উপর মন্ত্রী গুরুত্ব আরোপ করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকারের রাজনৈতিক অঙ্গীকার হইতেছে শিক্ষার গুণগত মান উন্নয়ন ও প্রতিটি গ্রামে একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন। তিনি এ লক্ষ্য বাস্তবায়নে অধিদপ্তরের কর্মকর্তাদের কাছে সুনির্দিষ্ট প্রস্তাব আহ্বান করেন। —তথ্য বিবরণী